

## মাধ্যমিক পাঠ্যবই বিতরণ উদ্বোধন শিক্ষার মান উন্নয়নে কার্যকর পদক্ষেপ নিন ॥ প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া সকল পর্যায়ে শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে সরকারের পাশাপাশি কার্যকর অবদান রাখতে শিক্ষকমণ্ডলী, ছাত্রছাত্রী, অভিভাবক এবং রাজনৈতিক দলমত নির্বিশেষে সকলের প্রতি আহ্বান।

### শিক্ষার মান উন্নয়নে

(১২-এর পাতার পর)

জানিয়েছেন। প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে বিনামূল্যে পাঠ্যবই বিতরণ উদ্বোধনকালে তিনি বলেন, 'আসুন আমরা সবাই সুখী ও সমৃদ্ধ বাংলাদেশ গড়তে আমাদের নিজ নিজ অবস্থান থেকে সর্বোত্তম অবদান রাখি। আমাদের আন্তরিকতা ও নিষ্ঠা থাকলে আমরা অবশ্যই সফল হবো, ইনশাআল্লাহ।

প্রধানমন্ত্রী মঙ্গলবার বিকালে প্রধানমন্ত্রীর কার্যালয়ের আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে এক অনুষ্ঠানে মাধ্যমিক স্তরের পাঠ্যবইয়ের বিপণন উদ্বোধন করেন। খবর বাসসর।

তিনি দেশের বিভিন্ন স্থান থেকে আসা কিছু ছাত্রছাত্রীর হাতে নতুন পাঠ্যবইয়ের সেট আনুষ্ঠানিকভাবে তুলে দেন। এ বছর প্রাথমিক পর্যায়ের জন্য মোট ৬ লাখ ৫৩ হাজার কপি এবং এবতেদায়ী পর্যায়ের জন্য এক কোটি ৭৪ লাখ কপি